

বিশ্বে বায়ুদূষণে শীর্ষে আজ ঢাকা

- A Monitor Desk Report

Date: 15 January, 2026



ঢাকাঃ বিশ্বের দূষিত শহরের তালিকায় আবারও শীর্ষে উঠে এসেছে বাংলাদেশের রাজধানী ঢাকা। কিছুদিন আগে বায়ুমান সামান্য উন্নতির দিকে থাকলেও সম্প্রতি বাতাসে দূষণের মাত্রা উদ্বেগজনকভাবে বেড়েছে।

বৃহস্পতিবার (১৫ জানুয়ারি) সকাল ৮টায় আন্তর্জাতিক বায়ুমান পর্যবেক্ষণ সংস্থা একিউএয়ারের তথ্যে দেখা যায়, ঢাকার বায়ুমান সূচক (একিউআই) ছিল ২৭১। এই মাত্রাকে ‘খুব অস্বাস্থ্যকর’ হিসেবে ধরা হয়। এমন বায়ুমান শিশু, বয়স্ক ও শাসকষ্টজনিত রোগীদের জন্য মারাত্মক স্বাস্থ্যবুঁকি তৈরি করতে পারে। নগরবাসীকে এ সময় বাইরে চলাচলে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা।

এদিকে, একই সময়ে ২১৮ ক্ষেত্র নিয়ে বিশ্বের দূষিত শহরের তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে পাকিস্তানের করাচি শহর। এছাড়া ২০৩ ক্ষেত্র নিয়ে তৃতীয় অবস্থানে রয়েছে ভারতের রাজধানী দিল্লি, ১৯৮ ক্ষেত্র নিয়ে চতুর্থ অবস্থানে রয়েছে ভিয়েতনামের রাজধানী হ্যানয়, আর পঞ্চম অবস্থানে থাকা কিরগিজস্তানের রাজধানী বিসকেকের ক্ষেত্র ১৯৩।

একিউআই ক্ষেত্র ০ থেকে ৫০ ভালো হিসেবে বিবেচিত হয়। ৫১ থেকে ১০০ মাঝারি হিসেবে গণ্য করা হয়, আর সংবেদনশীল গোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর বিবেচিত হয় ১০১ থেকে ১৫০ ক্ষেত্র। ক্ষেত্র ১৫১ থেকে ২০০ হলে তাকে ‘অস্বাস্থ্যকর’ বায়ু বলে মনে করা হয়।

২০১ থেকে ৩০০-এর মধ্যে থাকা একিউআই ক্ষেত্রকে ‘খুব অস্বাস্থ্যকর’ বলা হয়। এ অবস্থায় শিশু, প্রবীণ এবং অসুস্থ রোগীদের বাড়ির ভেতরে এবং অন্যদের বাড়ির বাইরের কার্যক্রম সীমাবদ্ধ রাখার পরামর্শ দেয়া হয়ে থাকে। এছাড়া, ৩০১ থেকে ৪০০-এর মধ্যে থাকা একিউআই ‘বুঁকিপুঁগ’ বলে বিবেচিত হয়, যা নগরের বাসিন্দাদের জন্য গুরুতর স্বাস্থ্যবুঁকি তৈরি করে।

